দৈনিক বাংলা

তারিখ 21 JUN 1986
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

054

# প্রাথমিক শিক্ষায় ৫৩৪ কোটি টাকা ব্যয় হবে: মতিন

সিরাজগঞ্জ, ২০শে জুন।— শিক্ষা ও স্বাস্থ্যমন্ত্রী অধ্যাপক এম এ মতিন বলেন, প্রাথমিক শিক্ষকরা ৬৮ হাজার গ্রামের বুদ্ধিজীবী ও স্থানীয় নেতা। বিগত এসএসসি পরীক্ষা অনুষ্ঠান ও ৭ই মের জাতীয় সংসদ নির্বাচনে প্রাথমিক শিক্ষকরা বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

মন্ত্রী আজ বিকেলে সিরাজগঞ্জ পৌর মিলনায়তনে জেলা প্রাথমিক শিক্ষক সমিতির এক সম্মেলনে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## মতিন

(১ম পৃঃ পর)

ভাষণ দিচ্ছিলেন।

শিক্ষামন্ত্রী বিগত চার বছরে প্রাথমিক শিক্ষকদের কল্যাণে গৃহীত সরকারী পদক্ষেপসমূহের বর্ণনাকালে বলেন, প্রাথমিক শিক্ষাই হচ্ছে শিক্ষার মূল ভিত্তি। এর উন্নয়নে সরকার সম্পূর্ণ সচেতন। তৃতীয় পাঁচসালা পরিকল্পনায় সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্প বাস্তবায়নে ৫৩৪ কোটি টাকা ব্যয় করা হবে। তাছাড়া প্রাথমিক শিক্ষকদের জন্য কল্যাণ ট্রাস্ট গঠন করা হয়েছে। সরকার এই তহবিল গঠনের জন্য ২০ লক্ষ টাকা প্রদান করেছেন।

প্রাথমিক শিক্ষকদের ভূমিকা প্রসঙ্গে অধ্যাপক মতিন বলেন, দেশের ৬৮ হাজার গ্রামে সরকারের যেকোন সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক কর্মসূচী বাস্তবায়নে ২ লক্ষ প্রাথমিক শিক্ষকের সহযোগিতা প্রয়োজন। তিনি প্রাথমিক শিক্ষকদেরকে জাতি গঠনমূলক কাজে নিজ নিজ ভূমিকা যথাযথভাবে পালনের আহ্বান জানান।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ। খবর তথ্য বিবরণীর।